



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nu.edu.bd

পরিচালকের কার্যালয়

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০

mail: pr@nu.edu.bd

তারিখ: ২৮-৬-২০১৬

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজ শিক্ষার উন্নয়নে একনেকে ১০৪০ কোটি টাকার প্রকল্প পাস

আজ ২৮-৬-২০১৬ তারিখ সকাল ১০ টায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে একনেক-এর সভায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহের শিক্ষার উন্নয়নে বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের যৌথ অর্থায়নে ১০৪০ (এক হাজার চল্লিশ) কোটি টাকার একটি প্রকল্প অনুমোদিত হয়। ৫ বছর মেয়াদী এই প্রকল্পের কার্যকাল হবে জুলাই ২০১৬ থেকে জুন ২০২১। এ প্রকল্পের আওতায় কলেজ শিক্ষার মানোন্নয়নে ১৫ বছর অগ্রবর্তী কৌশল পত্র তৈরি, কলেজ ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধি, সরকারি-বেসরকারি-মহিলা-শহর-মফস্বল নির্বিশেষে নির্বাচিত কলেজসমূহ অবকাঠামোগত উন্নয়ন, ভার্সুয়াল ক্লাস রুম তৈরি, পাঠ্যক্রমসহ শিক্ষা সামগ্রীর আধুনিকীকরণ, শ্রেণি কক্ষভিত্তিক পাঠদানের পাশাপাশি দুর্শিক্ষনের ব্যবস্থা, ৭০০ (সাত শত) কলেজ অধ্যক্ষ ও ১৬০০০ (ষোল হাজার) কলেজ শিক্ষক উচ্চতর পর্যায়ে প্রশিক্ষণের সুযোগ লাভ করবেন। এ ব্যাপারে জাতীয় বিশ্ববিদ্যালয়, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, মাউশি, নায়েম, এনটিআরসিএ ও আন্তর্জাতিক একাডেমিক সহযোগি প্রতিষ্ঠান নিয়ে একটি কনসোর্টিয়াম গঠিত হবে। এ প্রকল্প বাংলাদেশে কলেজ পর্যায়ের উচ্চ শিক্ষার মানোন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। প্রকল্পটিকে একনেক অনুমোদন দেয়ায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ একনেকের চেয়ারপার্সন ও বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। এছাড়াও মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিম এমপি., মাননীয় বাণিজ্য মন্ত্রী তোফায়েল আহমেদ এমপি., মাননীয় কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী এমপি., মাননীয় পরিকল্পনা মন্ত্রী আ হ ম মোস্তফা কামাল এমপি., মাননীয় সড়ক ও সেতু মন্ত্রী জনাব ওবায়দুল কাদের এমপি., শিক্ষা সচিব জনাব মো. সোহরাব হোসাইন, পরিকল্পনা কমিশনের সদস্য মো: আব্দুল মান্নানসহ একনেকের অন্যান্য সকল সদস্যের প্রতিও ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়